

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৫১

১/ বিবিধ

আরবী

من قرأ " قل هو الله أحد " عشرين مرة بنى الله له قصرا في الجنة منكر

أخرجه حميد بن زنجويه في " كتاب الترغيب " له من طريق حسين بن أبي زينب عن أبيه عن خالد بن زيد رفعه. ذكره الحافظ في ترجمة خالد هذا من " الإصابة " وحكى أنه غير أبي أيوب الأنصاري ، ولم يتكلم على إسناده بشيء ، وكذلك صنع المناوي في " فيض القدير " ، وكأن ذلك لجهالته، فإن الحسين هذا - وفي " الفيض " : الحسن - وأباه لم أجد من ذكرهما. وفي المتن نكارة، فقد جاء الحديث من ثلاثة أوجه بلفظ: " عشر مرات ". وقد خرجته في " الصحيحة " (589)

বাংলা

১৩৫১। যে ব্যক্তি সূরা কুল হুত্বালাহ আহাদ বিশবার পাঠ করবে আল্লাহ তা'আলা তার জন্য জান্নাতে একটি অট্টালিকা বানাবেন।

হাদীসটি মুনকার।

হাদিসটি হুমায়েদ ইবনু যানজুবিয়াহ "কিতাবুত তারগীব" গ্রন্থে হুসাইন ইবনু আবী যায়নাব হতে, তিনি তার পিতা হতে, তিনি খালেদ ইবনু যায়েদ হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

হাদিসটিকে হাফিয় যাহাবী ইবনু হাজার খালেদের জীবনী আলোচনা করতে গিয়ে "আলইসাবাহ" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি আবু আইউব আনসারী নন। তিনি তার সনদের কোন সমালোচনা করেননি। অনুরূপভাবে মানবী "ফায়যুল কাদীর" গ্রন্থে একই পথ অবলম্বন করেছেন। সম্ভবত তিনি (খালেদ) মাজহুল (অপরিচিত) হওয়ার

কারণে। এ হুসাইন (ফায়যুল কাদীর গ্রন্থে বলা হয়েছে হাসান) এবং তার পিতাকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না।

এছাড়া হাদীসের ভাষার মধ্যে মুনকার (নির্ভরযোগ্য বর্ণনাকারীর বিরোধিতা) সংঘটিত হয়েছে। কারণ হাদীসটি অন্য তিনটি সূত্রে “দশবারের” কথা উল্লেখ করে বর্ণনা করা হয়েছে। সেটিকে আমি "সিলসিলাহ সহীহাহ" গ্রন্থে (৫৮৯) উল্লেখ করেছি। (অর্থাৎ দশবার পাঠ করা মর্মে বর্ণিত হাদীসটি সহীহ)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72230>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন